প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর ওয়েবসাইট www.bteb.gov.bd ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা-২০২২ এর ফরম পূরনের বিজ্ঞপ্তি

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০১-২২.৪২৪(২) তারিখ ঃ ০১-০৬-২০২২ খ্রি.

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২২ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল।

* এইচএসসি ভোকেশনাল পরীক্ষা ২০২২ শুরুর সম্ভব্য তারিখ ২২-০৮-২০২২ খ্রি.

* পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে। পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) বোর্ডের **Website: www.bteb.gov.bd** –এ পাওয়া যাবে।

১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস ঃ

ক. দ্বাদশ শ্রেণী ঃ

১.১	নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০২০-২১ শিক্ষাবর্ষে এইচএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী।
১.২	অনিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৯-২০ সন অথবা এর পূর্বে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে এইচএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় যারা বিভিন্ন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য হয়েছে।

খ. একাদশ শ্রেণী ঃ

১.১	নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাদশ শ্রেণীতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী।
১.২	অনিয়মিত পরীক্ষার্থী ঃ ২০২০-২১ সন অথবা এর পূর্বে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণির সমাপনী পরীক্ষায় যারা বিভিন্ন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য হয়েছে।

২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হার ঃ

১ম বর্ষ ও ২য় বর্ষ (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ

ক. দ্বাদশ শ্রেণী ঃ

ক্রম	বিবরণ	ফি এর পরিমাণ	মন্তব্য
ক.	পরীক্ষার ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	৪০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
খ.	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী	৭৫/-	বোর্ডের প্রাপ্য ১০০%
গ.	সনদপত্র ফি (২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে)	১০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
ঘ.	ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	১২০/-	বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- প্রাপ্য
ঙ.	কেন্দ্র ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	৩৫০/-	কেন্দ্র প্রাপ্য ১০০%
চ.	ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী	১০০/-	কেন্দ্র প্রাপ্য ১০০%
ছ.	ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী	২৫/-	কেন্দ্র প্রাপ্য ১০০%
জ.	সংযোগ রক্ষাকারী ফি	৩০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%

* ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ৩ ঘন্টার জন্য ১০ টাকা হারে এবং ২ ঘন্টার জন্য ৭.৫ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকা প্রয়োজনীয় কাঁচামাল ক্রয়ের জন্য ব্যয় করা যাবে।

* নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর থেকে ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত ১২০/- (একশত বিশ) হতে বোর্ডের প্রাপ্য ৭০/- বাদ দিয়ে অবশিষ্ট ৫০/- ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্টের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের মধ্যে বোর্ডের নীতিমালা অনুযায়ী বণ্টণযোগ্য।

* পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহন করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।

খ. একাদশ শ্রেণী ঃ

ক্রম	বিবরণ	ফি এর পরিমাণ	মন্তব্য
ক.	পরীক্ষার ফি (১ম বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	৪০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
খ.	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম বর্ষ) প্রতি পরীক্ষার্থী	৭৫/-	বোর্ডের প্রাপ্য ১০০%
গ.	ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি প্রতি পরীক্ষার্থী	১২০/-	বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
ঘ.	কেন্দ্র ফি (১ম বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী	৩৫০/-	কেন্দ্র প্রাপ্য ১০০%
ঙ.	ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী	১০০/-	কেন্দ্র প্রাপ্য ১০০%
চ.	ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী	২৫/-	কেন্দ্র প্রাপ্য ১০০%
ছ.	সংযোগ রক্ষাকারী ফি	৩০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%

৩. পরীক্ষার সময় ও মানবন্টন:

ক) প্রশ্নপত্রে উল্লেখিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) প্রশ্নপত্রে উল্লেখিত পূর্নমানের যে কোন বিভাগ মিলিয়ে ৫০% (অর্ধেক) নম্বরের উত্তর প্রদান করতে হবে। তবে সৃজনশীল প্রশ্নের ক্ষেত্রে যে সৃজনশীল প্রশ্নের উত্তর দিবে সবগুলো (ক,খ,গ,ঘ) অংশের উত্তর ধারাবাহিক ভাবে দিতে হবে।

৪. প্রতিষ্ঠানের করনীয়:

৪.১ ফরম পূরন সম্পন্ন করার পর payment summary তে ক্লিক করে online payment এর তথ্যে যেতে হবে।

৪.২ payment summary এর নিচে Click For Online Payment এ ক্লিক করতে হবে। এছাড়া https://sbl.com.bd:7070 BTEB institute payhment select করে payment করা যাবে।

৪.৩ Security PIN নম্বর এর নিচে Click here For Online Payment Registration এ ক্লিক করে উক্ত PIN নম্বর ব্যবহার করে Registration করতে হবে। এরপর SING UP এ ক্লিক করতে হবে।

৪.৪ নতুন Password ও প্রতিষ্ঠান কোড ব্যবহার করে LOGIN করতে হবে।

৪.৫ আগত Page এর উপরের মেন্যু থেকে Institute Payment এ ক্লিক করতে হবে।

৩.৬ Curriculum, Fee Type ও Service Select করে Voucher প্রিন্ট করতে হবে।

৪.৭ Print এ ক্লিক করে BTEB Counter Payment Voucher সংগ্রহ করে নিকটস্থ সোনালী ব্যাংক (যেখানে সোনালী সেবা চালু আছে) এ ফরম পূরনের টাকা জামা প্রদান করতে হবে।

৪.৮ Institute Payment Search এ ক্লিক করে টাকা জমার বিষয়ে নিশ্চিত করতে হবে।

৪.৯ এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত সকল কার্যক্রম অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষাক্রমের সাথে সম্পৃক্ত ইন্সট্রাক্টর/শিক্ষকের মাধ্যমে বর্ণিত নিয়মে সঠিকভাবে এবং নির্দিষ্ট সময়ে সম্পাদন করতে হবে।

৪.১০ পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগ নিম্নে বর্ণিত ঠিকানায় করতে হবে।

বরাবর
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি), ১০তলা।

৫. অনলাইনে ফরম ফিলাপের তারিখ, ফিসহ প্রিন্ট আউট কপি বোর্ডে জমা, প্রবেশপত্র, উত্তরপত্র, পরীক্ষার কাগজপত্র গ্রহণ ও বিতরণ কর্মসূচী ঃ

অনলাইনে ফরম ফিলাপের তারিখ	বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	বিলম্ব ফিসহ ফরম ফিলাপের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা)	বিলম্ব ফিসহ ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ	সকল প্রিন্ট আউট_Print Voucher (FF ও TC,PC) একত্রে বোর্ডে জমা ও প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বোর্ড থেকে গ্রহণের তারিখ
০৮-০৬-২০২২ খ্রি. হতে ২২-০৬-২০২২ খ্রি.	২৩-০৬-২০২২ খ্রি.	২৫-০৬-২০২২ খ্রি. হতে ২৯-০৬-২০২২ খ্রি.	৩০-০৬-২০২২ খ্রি.	১৪-০৮-২০২২ খ্রি.

* কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

* নির্ধারিত ০৮-০৬-২০২২ খ্রি. হতে ২২-০৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে এবং বিলম্ব ফি-সহ পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২৫-০৬-২০২২ খ্রি. হতে ২৯-০৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের ফরম পূরণ করতে হবে। কোন শিক্ষার্থী ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য হলে তার ফরম পূরণ করানো যাবে না।

* ২৯-০৬-২০২২ খ্রি. হতে ০৩-০৭-২০২২ খ্রি. পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

৬. অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং হার্ড কপি বোর্ডে জমাদান ঃ

* ২০২২ সালে অনুষ্ঠিত এইচএসসি (ভোকেশনাল) ১ম ও ২য় বর্ষের পরীক্ষার্থীদের Online-এ প্রেরিত TC, PC নম্বরের হার্ডকপি, প্রবেশপত্র ও অনান্য মালামাল সংগ্রহ করার সময় বই আকারে বেধে বোর্ডের (বিএমটি) শাখায় জামা দিতে হবে।
* কোন পরীক্ষার্থীর TC, PC -এর নম্বর নির্ধারিত সময়ে Online -এ প্রেরণ করা না হলে অথবা যেকোন ধরনের ভুলের কারণে অকৃতকার্য মার্কস এন্ট্রি হলে অথবা TC, PC তে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই ঐ পরীক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না।
* তবে ধারাবাহিক নম্বর প্রেরণের সময় কোন পরীক্ষার্থীর রোল নম্বর পাওয়া না গেলে তাদের TC, PC নম্বর ম্যানুয়াল ফরমেটে দাখিল করতে হবে। অন-লাইনে পাঠানো TC, PC কপির হুবহু হার্ডকপি দাখিলযোগ্য করতে হবে এবং কোনরূপ ঘষামাজা, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য নয়।
* হার্ড কপিতে অবশ্যই কেন্দ্র সচিব/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, তারিখ ও সিল থাকতে হবে।

৭. উত্তরপত্রের লিথোর উপরের অংশে (Top Part) বৃত্ত ভরাটের ক্ষেত্রে করনীয়ঃ

৭.১ ঃ রেজিঃ কলামগুলো ১০(দশ) ঘরের (অংকের) থাকায় শিক্ষার্থীগণ ডান থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো শূন্য দিয়ে ভরাট করবে। অনুরুপভাবে ৫(পাঁচ) ঘরের (অংকের) বিষয় কোডের সর্ব বামের ঘরটি ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করবে।

৭.২ ঃ এ বিষয়ে সংশ্লিষ্ট শ্রেনী শিক্ষক ও বিভাগীয় প্রধানগণের সহযোগিতায় পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিতে হবে।

৭.৩ ঃ একটি নমুনা এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হল।

অনলাইন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় নির্দেশাবলী দেখে ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করে তাৎক্ষণিক সমাধান করতে হবে।

বিঃদ্রঃ অন-লাইন সংক্রান্ত কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্চনায়]

৮. সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়ামাবলী নিম্নে Flow Chart এবং User Manual এ উল্লেখ করা হলো।

সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার নিয়মাবলী নিম্নে (Payment process) উল্লেখ করা হলোঃ
From Online Formfillup Click “Payment Summary” then Click “Online Payment Sonali Sheba” (it support Cards, Mobile Banking, Sonali Bank)



Click “Account” or “Counter”

(For Account Payment)





(For Counter Payment)
Enter (13-digit A/C number, Account Name, 11-digit phone number) then
after OTP verification process (through mobile SMS) payment will complet succsssfully.
*Sonali Bank A/C number (Institute or any one A/C number 13-digit)
*Account Holder Name (As in Bank A/C name) *Phone Number (As same A/C opening)







1 / 1 | 100%

Sonali Bill Payment System
BTEB Counter Payment Voucher
Information Technology and Telecommunication Institute

Institute Copy

Payment ID : **2206018010022641**
Voucher Date : **01/Jun/2022**
Payment Status : **Unpaid**

Curriculam : HSC(BMT)/HSC (Voc)/ Dip in Com
Service Type : Form Fillup
Service Name : 2022
Contact No. :

Fee Amount (Taka) : **2250.00**
Charge (Taka) : **35.00**
Payble Amount (Taka) : **2285.00**
In Words :
Two Thousand Two Hundred Eighty Five Taka Only

NB: This is a SPG Counter Payment Voucher, so please accomplish transaction using SPG Counter Payment Module at Sonali Bill System, Branch.

Authorized Officer

Form Fillup bill amount বিবেচনায় লিমিট থাকলে Card ও Mobile Banking এ Payment দেওয়া যাবে। amount বেশি হলে, Sonali Sheba এর account অথবা Counter যেকোনোটি Select করে Payment দেওয়া যাবে। Account Select করলে Mobile এ OTP Verification যাবে Counter Select করলে Voucher Print দিয়ে Sonali Bank এর যে কোনো শাখা থেকে Payment দেওয়া যাবে।

(প্রকৌ. মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০১-২২.৪২৪(২)/১৭ তারিখ ঃ ০১-০৬-২০২২ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (ভোকেশনাল) পরিচালিত প্রতিষ্ঠান।
৭. উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ পরীক্ষা নিয়ন্ত্রক ডিপ্লোমা/সনদ/গোপনীয়/ভোকেশনাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
১১. উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. সংশ্লিষ্ট নথি।

(মোঃ সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫২৯